



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

খাদ্য অধিদপ্তর

অভ্যন্তরীণ সংগ্রহ শাখা

খাদ্য ভবন, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা-১০০০

www.dgfood.gov.bd



স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৯১.৮৫.৮২৮.২২.৫৭

তারিখ: ৮ চৈত্র ১৪২৮

২২ মার্চ ২০২২

বিষয়: আসন্ন অভ্যন্তরীণ গম ও বোরো ধান সংগ্রহ/২০২২ মৌসুমে উৎপাদনকারী কৃষকের তালিকা
সরবরাহ

উপর্যুক্ত বিষয়ে তাঁর অবগতি ও অনুগ্রহপূর্বক দ্রুত কার্যকরী ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, বিগত
সংগ্রহ অভিযানগুলোর ন্যায় চলতি গম ও ধান সংগ্রহ অভিযান/২০২২ মৌসুমেও কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের
ঐকান্তিক সহযোগিতা প্রত্যাশা করছে খাদ্য অধিদপ্তর। গম ও বোরো সংগ্রহ অভিযান যথাক্রমে ১ এপ্রিল এবং ২৮
এপ্রিল/২০২২ খ্রি: থেকে শুরু হবে। সরাসরি উৎপাদক কৃষকগণ থেকে গম ও বোরো ধান ক্রয় নিশ্চিত করার জন্য গম
উৎপাদক কৃষকদের এবং বোরো ধান উৎপাদক কৃষকদের হালনাগাদ ইউনিয়নওয়ারী তালিকা উপজেলা সংগ্রহ
কমিটির নিকট হস্তান্তর এবং স্ব স্ব উপজেলা ওয়েবসাইটে প্রকাশ করা অতীব জরুরি।

এমতাবস্থায়, উৎপাদক কৃষকদেরকে উৎসাহ মূল্য প্রদানের সাথে সাথে জাতীয় নিরাপত্তা মজুত গড়ার লক্ষ্যে
অত্যাবশ্যক অনুষঙ্গ হিসেবে উপর্যুক্ত বিষয়ে হালনাগাদ কৃষক তালিকা দ্রুত উপজেলা সংগ্রহ কমিটির নিকট হস্তান্তর
এবং উপজেলা ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

২২-৩-২০২২

মো: শাখাওয়াত হোসেন

মহাপরিচালক

ফোন: +৮৮-০২২২৩০৩৫৪৮৩৮

ফ্যাক্স: +৮৮-০২-৯৫৫৬০৬৭

ইমেইল: dg@dgfood.gov.bd

মহাপরিচালক

কৃষি সম্প্রসারণ অধিদপ্তর

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:


- ১) অতিরিক্ত মহাপরিচালক (চলতি দায়িত্ব), অতিরিক্ত মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ২) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। সচিব মহোদয়ের সদয়
অবগতির জন্য।
- ৩) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক (সকল)। আসন্ন গম/২০২২ ও বোরো সংগ্রহ/২০২২ মৌসুম শুরুর পূর্বেই উপজেলা

তারিখ: ৮ চৈত্র ১৪২৮

২২ মার্চ ২০২২

সংগ্রহ কমিটির মাধ্যমে সংশ্লিষ্ট কৃষি অফিসে যোগাযোগ করে সংশ্লিষ্ট খাদ্যগুদামে কৃষক তালিকা প্রস্তুত রাখার
ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্টদের নির্দেশনা প্রদানের জ

৪) সিল্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর, ঢাকা। পত্রটি খাদ্য অধিদপ্তরের
ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।



২২-৩-২০২২

মোঃ রাবিহানুল কবীর

পরিচালক